

লকডাউনে ১৫০ অপারেশন



নেতাজি সুভাষচন্দ্র বোস ক্যান্সার হাসপাতাল

আজকালের প্রতিবেদন

নজির গড়ল নেতাজি সুভাষচন্দ্র বোস ক্যান্সার হাসপাতাল। লকডাউনে সবাই যখন পরিষেবা দিতে হিমশিম, তখন গড়িয়া নয়াদাদের এই আধুনিক ক্যান্সার হাসপাতাল পরিষেবা চালিয়ে গেছে নিরলসভাবে। ক্যান্সার সার্জারি বিভাগের প্রধান ডাঃ সৌমেন দাস জানান, লকডাউনের সময় সব মিলিয়ে দেড়শোরও বেশি অপারেশন হয়েছে। ক্যান্সার সার্জারিতে দেরি হলে সমস্যা বেড়ে যায়। তাই তাঁরা আইসিএমআরের নিয়ম মেনে অস্ত্রোপচার চালিয়ে গেছেন। ডাঃ অনির্বাণ নাগ, ডাঃ কমলেশ রক্ষিত, ডাঃ অতনু বিশ্বাস, ডাঃ পুরকাইত, ডাঃ সর্দার তাঁকে সাহায্য করেছেন। ডাঃ সায়েন কুণ্ডু, ডাঃ অনুপম দত্ত এবং ডাঃ বোধিসত্ত্ব রায় জানান, অঙ্কোলজিস্ট হিসেবে সময়মতো সার্জারির সিদ্ধান্ত নিতে হয়। এতে রোগীর ক্যান্সার সেরে যাওয়ার সম্ভাবনা থাকে। সরকারি সমস্ত প্রকল্পের সাহায্যে ন্যূনতম খরচে ক্যান্সার পরিষেবা চালিয়ে কর্তৃপক্ষও নিজেদের প্রচেষ্টা সার্থক মনে করছেন।